**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 28-09-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Sharad Utsab :

আজ মহাষষ্ঠী, বোধনের মধ্যে দিয়ে শুরু হবে পাঁচদিনব্যাপি শারদীয় দুর্গোৎসব ।রাজ্যের সর্বত্র পূজা মন্ডপগুলোও প্রস্তুত শারদ উৎসবের আবহে। ইতিমধ্যে আগরতলায় বেশ কিছু পূজা মন্ডপের উদ্বোধনও হয়ে গেছে। তবে চতুর্থী থেকেই শহরের বড় বাজেটের পূজা মন্ডপে দর্শনার্থীদের ভিড় দেখা গেছে। গতকাল পঞ্চমী তিথিতে আগরতলার বিভিন্ন সার্বজনীন পূজা মন্ডপগুলিতে দর্শনার্থীদের ভিড় লক্ষ্য করা গেছে | গ্রাম থেকে শহর সর্বত্র আলোকমালায় সেজে উঠেছে। পুজোর চার দিন সপ্তমী, অষ্টমী, নবমী এবং দশমীতে আগরতলা শহরে বিকেল ৫টা থেকে রাত ১টা পর্যন্ত যান চলাচল নিয়ন্ত্রনে নো-এন্ট্রি বলবৎ থাকবে।

**********************

## Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৬তম পর্ব| বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট,

মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

***********************

## SEVA Pakhwada-CM :

গতকাল আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে 'সেবা পাক্ষিক-২০২৫' অনুষ্ঠানের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা|

তিনি বলেন, দিব্যাঙ্গজনরা সমাজের অবিচ্ছেদ্য অংশ। সমাজ গঠনে তাদেরও অবদান রয়েছে। রাজ্যের বর্তমান সরকার সমাজের প্রতিটি মানুষের উন্নতির পাশাপাশি দিব্যাঙ্গজনদের উন্নতির জন্যও আন্তরিকতার সঙ্গে কাজ করছে। তিনি জানান, চিফ মিনিস্টার্স স্কিম ফর পার্সনস উইথ ইন্টেলেকচুয়াল ডিজেবিলিটিস প্রকল্পে ৮৯১ জন দিব্যাঙ্গকে আর্থিক সহায়তা করা হবে। বর্তমানে রাজ্যে ১৯,৫৮২ জন দিব্যাঙ্গ ব্যাক্তিকে ২ হাজার টাকা করে প্রতি মাসে ভাতা দেওয়া হচ্ছে। সারা রাজ্যে ৪১,৮১২ জনকে ডিজেবিলিটি আইডেন্টিটি কার্ড দেওয়া হয়েছে।

***********************

## PM- Amrit Bharat Express :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল ওড়িশার ঝারসুগুডায় ৬০ হাজার কোটি টাকারও বেশি বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। এ উপলক্ষ্যে আমলিপালি গ্রাউন্ডে এক জনসভায় তিনি বলেন, দরিদ্রদের

ক্ষমতায়নে বিজেপি সরকার প্রতিশ্রুতিবদ্ধ। ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যকে সামনে রেখে দেশ কিভাবে দ্রুত এগিয়ে যাচ্ছে সে সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন৷

প্রধানমন্ত্রী গতকাল উড়িষ্যায় একটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা ও ১,৭০০ কোটি টাকার একাধিক রেল প্রকল্পের উদ্বোধন করেন৷তাছাড়া, তিনি ৯৭,৫০০টি মোবাইল ফোর-জি টাওয়ারেরও সূচনা করেন| স্বদেশী প্রযুক্তিতে প্রায় ৩৭ হাজার কোটি টাকা খরচ করে এগুলি নির্মাণ করা হয়েছে। প্রধানমন্ত্রী সম্বলপুর-সারলা রেল ফ্লাইওভারের শিলান্যাস এবং কোরাপুট-বাইগুরা ও মানাবার-কোরাপুট-গোরাপুর রেললাইন ডাবল করার কাজেরও সূচনা ও জাতির উদ্দেশে উৎসর্গ করেন।

*******************

**Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ গতকাল স্বদেশী পণ্যের গুরুত্বের উপর জোর দিয়ে বলেন, বি.এস.এন.এল. -এর ১০৮টি 4G সম্পৃক্ত মোবাইল টাওয়ার গ্রামীণ এলাকায় ডিজিটাল সংযোগকে শক্তিশালী করতে বড় ভূমিকা নেবে। এটি দেশব্যাপী ডিজিটাল অবকাঠামো গঠনে এক ঐতিহাসিক পদক্ষেপ। গতকাল মোহনপুরের নোয়াগাঁও-এ এক অনুষ্ঠানে তিনি একথা বলেন|

তিনি বলেন, দ্রুত ইন্টারনেট পৌঁছে দিতে এখন 4G নেটওয়ার্ক চালু করা হচ্ছে, পাশাপাশি এর সঙ্গে যুক্ত হবে 5G-র সুবিধা। ই-কমার্স, সোশ্যাল মিডিয়া,

ডিজিটাল হেলথ কেয়ার, বায়োটেকনোলজি সহ নানা ক্ষেত্রে 4G নেটওয়ার্ক গ্রামীণ মানুষদের জন্য বড় সহায়ক হবে।

**********************

## GST Reforms :

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা জি.এস.টি.`র হার সংস্কারের বিষয়ে গতকাল পেচারথল বাজারের ব্যবসায়ীদের সঙ্গে মত বিনিময় করেন এবং এর সুফল সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, জি.এস.টি.`র হার হ্রাসের ফলে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দামও কমেছে, এতে প্রতিটি পরিবার সরাসরি উপকৃত হবে।

**********************

## Anti Drug Operation :

নেশামুক্ত রাজ্য গঠনের লক্ষ্যে পুলিশের উদ্যোগে নেশা বিরোধী অভিযান রাজ্যজুড়ে অব্যাহত রয়েছে। খোয়াই বাইজাল বাড়ি থানার পুলিশ গতকাল সকালে গোপন সংবাদের ভিত্তিতে কাঁচামাটি, জুমিয়া কলোনী এবং খেংরাবাড়ি এলাকায় অভিযান চালিয়ে প্রায় দশ হাজার গাঁজা গাছ কেটে ধ্বংস করে দিয়েছে। বাইজাল বাড়ি থানার ওসি যুগল ত্রিপুরা জানিয়েছেন, নেশা বিরোধী অভিযানে গিয়ে তারা দেখতে পান তিনটি স্থানে প্রায় ২ কানি জায়গায় জুড়ে রয়েছে অবৈধ গাঁজা বাগান। পুলিশ এবং টিএসআর জওয়ানরা গাঁজা বাগান ধ্বংস করে দেয়। পুলিশের এই  সফল অভিযানে এলাকাবাসীও দারুন খুশি।

************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, মহিলাদের আত্মনির্ভর করে তোলার জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। সরকারের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে মহিলাদের কাছে নানা সুযোগ সুবিধা পৌঁছে দেয়া হচ্ছে। তেলিয়ামুড়ার চাকমাঘাটে গতকাল বিজেপির কৃষ্ণপুর মন্ডল আয়োজিত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, একজন নারী যখন আত্মনির্ভর হন, তখন তিনি শুধু নিজের পরিবার নয়, গোটা সমাজের দায়িত্ব পালনেও অগ্রণী ভূমিকা নেন। অনুষ্ঠানে তিনি শতাধিক দুঃস্হ নারীর হাতে নতুন বস্ত্র তুলে দেন।

**********************

**Weather :**

আজ আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কোথাও কোথাও দু`এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে | দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.4 ডিগ্রি সেলসিয়াস। গতকাল রাত থেকে আজ ভোর সাড়ে পাঁচটা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ছিল ২.৬ মিলিমিটার |

**********************

**********************